২০২৪

# বাংলা

## (প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BNG-G-CC-T-3

(জীবনী, আত্মজীবনী ও ভ্রমণকাহিনী)

[CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) “আমার জীবনে এইটেই আদি কবির প্রথম কবিতা।” — ‘জীবনস্মৃতি’ গ্রন্থের কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে? আদি কবির প্রথম কবিতাটি কী ছিল?

খ) জীবনী ও আত্মজীবনীর দুটি প্রভেদ উল্লেখ করো।

গ) ‘আত্মকথা’ ও ‘আত্মপরিচয়’ গ্রন্থ দুটির লেখক কে?

ঘ) ‘জীবনস্মৃতি’ গ্রন্থটি কি জাতীয় রচনা? এই গ্রন্থে মোট কটি প্রবন্ধ আছে?

ঙ) ‘দেশে বিদেশে’ গ্রন্থটি কার লেখা? তাঁর লেখা অপর একটি ভ্রমণ সাহিত্যের নাম লেখো।

চ) “এই প্রথম বাহিরে গেলাম” — বাইরে যাওয়া বলতে কী বোঝানো হয়েছে? সেখানে যাওয়ার কারণটি লেখো।

(পরের পাতায়)

ছ) কোল কুমারীরা বিবাহ-যোগ্যা হলে কোথায় থাকে? কেন থাকে?

জ) "সেই নীরব ক্লাসটির উপর কী ভয়ঙ্কর মাস্টারি যে করিয়াছি" — ক্লাসটির নীরবতার কারণ কী ছিল?

ঝ) "... সাধুভাষা গোল্লায় যাক।" —বক্তা কে? তিনি একথা কেন বলেছিলেন?

ঞ) "চারিটা বাজিলে আমি অস্থির হইতাম..." — কে কেন অস্থির হতেন?

ট) "সে ছিল মুক্ত আমি ছিলাম বদ্ধ" — প্রসঙ্গ ব্যাখ্যা করো।

ঠ) "... পালামৌ শহর নহে, একটা প্রকাণ্ড পরগণা মাত্র।" —বক্তা কে? কোন্ প্রসঙ্গে তিনি একথা বলেছেন?

ড) "আমরা তিনটি বালক একসঙ্গে মানুষ হইতেছিলাম" — তিনটি বালকের পরিচয় দাও।

ঢ) "বাঘটি আমি স্বহস্তে মারিব।" — কে কেন একথা বলেছিল?

ণ) 'জীবনস্মৃতি'-তে উল্লেখ আছে, রবীন্দ্রনাথের এমন কতগুলি রচনার নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "বন্যেরা বনে সুন্দর; শিশুরা মাতৃক্রোড়ে" — উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

খ) "এখন ইস্কুলে যাহিবার জন্য যেমন কাঁদিতেছ, না যাহিবার জন্য এর চেয়ে বেশী কাঁদিতে হইবে" — এই ভবিষ্যৎ বক্তাটি কে ছিলেন? তাঁর এমন বক্তব্যের নেপথ্য কারণ সম্পর্কে আলোচনা করো।



গ) "... স্ত্রী লোকেরা শ্রমহেতু স্থিরযৌবনা।" — কোন্ সম্প্রদায়ের স্ত্রীলোকের কথা বলা হয়েছে? তাদের 'স্থিরযৌবনা' থাকার কারণ লিপিবদ্ধ করো।

ঘ) "সভ্যতার সঙ্গে সঙ্গে সাহসের ভাগ কমিয়া আইসে" — লেখকের এমন মন্তব্যের কারণ, সপ্রসঙ্গ বিশ্লেষণ করো।

ঙ) "নৃত্যের উদ্যোগ আরম্ভ রইল"— 'পালামৌ'-গ্রন্থ অবলম্বনে কোল রমণীদের নৃত্যের বিবরণ দাও।

চ) "তাহার পর নর্মাল স্কুলে ভর্ত্তি হইলাম।"— 'নর্মাল স্কুল' প্রবন্ধ অনুসরণে রবীন্দ্রনাথের শিক্ষা ভাবনার পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) "বিশ্বপ্রকৃতিকে আড়াল আবডাল হইতে দেখিতাম" — দৃষ্টান্তসহ রবীন্দ্রনাথের প্রকৃতি ভাবনার বিবরণ দাও।

খ) 'পালামৌ' গ্রন্থে যাত্রাপথের বিবিধ বর্ণনা লেখক যেভাবে দিয়েছেন তা আলোচনা করো।

গ) ভ্রমণকাহিনী এবং ভ্রমণমূলক সাহিত্যের তুলনা করে ভ্রমণমূলক সাহিত্যের বিশেষত্বগুলো চিহ্নিত করো।

ঘ) "বোধহয় আমিও পৃথিবীর রং ফেরা দেখিতে যাইতাম" — লেখক সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের নৈসর্গিক সৌন্দর্য চেতনা সম্বন্ধে আলোচনা করো।

———